# ওসির ভোজসভায় নিষিদ্ধ যুবলীগ নেতার উপস্থিতি, প্রশ্নে পুলিশের নিরপেক্ষতা





সংগৃহীত ছবি

**শরীয়তপুরের জাজিরায় পদ্মা সেতু দক্ষিণ থানায় আয়োজিত মাসিক ভোজসভায় বসেন কার্যক্রম নিষিদ্ধ যুবলীগ নেতা মোক্তার বেপারী। থানার ওসি পারভেজ আহমেদ সেলিমের আয়োজনে হওয়া এ অনুষ্ঠানে তার উপস্থিতি নিয়ে সমালোচনা ও প্রশ্ন উঠেছে পুলিশের নিরপেক্ষতা নিয়ে। অভিযোগ তদন্তের আশ্বাস দিয়েছে পুলিশ।**

শরীয়তপুরের জাজিরায় পদ্মা সেতু দক্ষিণ থানার ভেতরে শুক্রবার (১২ সেপ্টেম্বর) দুপুরে আয়োজিত মাসিক ভোজসভা ঘিরে সমালোচনা তৈরি হয়েছে। থানার ওসি পারভেজ আহমেদ সেলিমের আয়োজনে অনুষ্ঠিত এ ভোজে উপস্থিত ছিলেন থানার সদস্য, অতিরিক্ত পুলিশ সুপারসহ বিশেষ অতিথিরা। তবে সেই টেবিলে দেখা যায় কার্যক্রম নিষিদ্ধ হওয়া নাওডোবা ইউনিয়ন যুবলীগের সভাপতি মোক্তার বেপারীকে।

এ নিয়ে স্থানীয়দের মধ্যে প্রশ্ন উঠেছে— এ আয়োজন কি কেবল ভোজসভা, নাকি রাজনৈতিক পক্ষপাতের প্রতিফলন? নাওডোবা ইউনিয়ন বিএনপির আহ্বায়ক হাজী আলমগীর হোসেন সরদার বলেন, "আমাকেও ওসি দাওয়াত দিয়েছিলেন। তবে নিষিদ্ধ সংগঠনের নেতাকে থানার ভেতর সরকারি ভোজে বসানো পুলিশের নিরপেক্ষতাকে কলঙ্কিত করেছে।"

সমালোচনার মুখে ওসি পারভেজ আহমেদ সেলিম দায় এড়ানোর চেষ্টা করে বলেন, "আমি ওই ব্যক্তিকে চিনতাম না। জানলে তাকে অনুমতি দিতাম না।" তবে স্থানীয়দের মতে, ওসির সরাসরি ব্যবস্থাপনায় ভোজে কারা বসবে তা তিনি জানেন না— এ দাবি বিশ্বাসযোগ্য নয়।

জেলার অতিরিক্ত পুলিশ সুপার (নড়িয়া সার্কেল) ড. আশিক মাহমুদ বলেন, "মাসিক ভোজের আয়োজন হয়েছিল থানায়। যুবলীগ নেতা উপস্থিত ছিলেন— এ বিষয়ে আমি জানতাম না। বিষয়টি খতিয়ে দেখা হবে।"